

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
বিস্ফোরক অধিদপ্তর  
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।  
www.explosives.gov.bd  
dhaka@explosives.gov.bd

স্মারক নম্বর: ২৮.০৮.০০০০.০০০.১০১.৪৯.০০৭৩.১৫[পুরাতন নং ১০১-২(ঘ)-০০৭৩]/৫৪৮২;

তারিখ: ১৩/০৮/২০২৫ খ্রি.

বিষয়: ঢাকা জেলার আশুলিয়া থানাধীন দুর্গাপুর মৌজায় স্থাপিত 'এসেস ইন্ডাস্ট্রিয়াল গ্যাসেস লিমিটেড' নামীয় প্রতিষ্ঠানের অনুকূলে আর্গন গ্যাস মজুদ ও উত্তির মঞ্জুরকৃত লাইসেন্সদ্বয় [নং ১০১-২(ঘ)-০০৭৩] এবং [নং ১০১-২(ঙ)-০০৭৪] বাতিল প্রসঙ্গে।

সূত্র: ২৮.০৮.০০০০.০০০.১০১.৪৯.০০৭৩.১৫ [পুরাতন নং ১০১-২(ঘ)-০০৭৩]/৫২৩৬; তারিখ: ০৭/০৮/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অত্র দপ্তরের ২০/০২/২০২৫ খ্রি. তারিখের ১৪৯১ সংখ্যক পত্রে চাহিত ব্যাখ্যার কোনো সন্তোষজনক জবাব দাখিল করা হয়নি। অত্র দপ্তরের সহকারী বিস্ফোরক পরিদর্শক কর্তৃক ২৫/০১/২০২৫ তারিখে প্রাঙ্গণ পরিদর্শনে দৃষ্ট বিভিন্ন ত্রুটি এবং পরবর্তীতে অত্র দপ্তরের ০৩(তিন) সদস্যের সমন্বয়ে গঠিত টিম কর্তৃক ১১/০৮/২০২৫ তারিখের পরিদর্শনে একই ধরনের ত্রুটি পরিলক্ষিত হয়।

২। অধিকন্তু, নকশানুযায়ী কোনো সিলিন্ডার টেস্ট সেন্টার নেই, অনুমোদনহীন ১টি কার্বন-ডাই-অক্সাইড ট্যাংক (২০ মে:টন) স্থাপিত দেখা যায় এবং প্রাঙ্গণে ৭৪০ পিস কার্বন-ডাই-অক্সাইড সিলিন্ডার অবৈধভাবে মজুদকৃত দেখা যায়। এটির জন্য কোনো প্রকার লাইসেন্স অত্র দপ্তর হতে ইস্যু করা হয়নি। ফলে এ সংশ্লিষ্ট কার্যক্রম সম্পূর্ণরূপে অবৈধ।

৩। এমতাবস্থায়, গ্যাসাধার বিধিমালা, ১৯৯৫ এর বিধি ৪১ অনুসারে 'এসেস ইন্ডাস্ট্রিয়াল গ্যাসেস লিমিটেড' অনুকূলে আর্গন গ্যাস সংশ্লিষ্ট মঞ্জুরকৃত লাইসেন্সদ্বয় [নং ১০১-২(ঘ)-০০৭৩] এবং [নং ১০১-২(ঙ)-০০৭৪] নির্দেশক্রমে বাতিল করা হলো।



(ফরিদ উদ্দীন আহমেদ)

উপপ্রধান বিস্ফোরক পরিদর্শক, ঢাকা

ফোন: ০২৮৩৯২৫৯৪

ব্যবস্থাপনা পরিচালক  
এসেস ইন্ডাস্ট্রিয়াল গ্যাসেস লিমিটেড  
বাড়ি নং ৯৩/৩, লেভেল-১  
রোড নং ৮, ব্লক-সি, নিকেতন  
গুলশান, ঢাকা-১২১২।

স্মারক নম্বর: ২৮.০৮.০০০০.০০০.১০১.৪৯.০০৭৩.১৫[পূর্ব নং ১০১-২(ঘ)-০০৭৩]

তারিখ: ১০/৮/২০২৫ খ্রি.

অনুলিপি: সদস্য অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। সচিবের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।

৩। পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, ঢাকা।

৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, থানা: আশুলিয়া, জেলা: ঢাকা।

৫। নথি নম্বর: ১০১-২(ঙ)-০০৭৪

(ফরিদ উদ্দীন আহমেদ)

উপপ্রধান বিস্ফোরক পরিদর্শক, ঢাকা